

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি  
প্রধান কার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা

দুবালাপনী  
জেনারেলম্যানেজার :০১৭৬৯-৪০০০৭২  
অফিস/অভিযোগকেন্দ্র:০১৭৬৯-৪০১৮১০  
Web site : pbs.satkhira.gov.bd  
E-mail : satkhirapbs@yahoo.com

স্মারকনং-২৭.১২.৮৭৯০.৫১৫.০৭.০২৩.২৩. ৫০২৪

তারিখঃ

২০/০২/১৪৩০ বঃ  
০৩/০৬/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ- মিনি ঠিকাদার হিসাবে বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের “পূর্বযোগ্যতা নবায়ন” বিজ্ঞপ্তি।

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার অধীনে ২০২৩-২৪ ইং অর্থ বৎসরে বৈদ্যুতিক লাইন নির্মাণ/ লাইন স্থানান্তর/ রক্ষণাবেক্ষণ/আপগ্রেডেশন (১০০-৪১/১০০-৪২) কাজের নিমিত্তে স্থায়ী/সাময়িক তালিকাভুক্ত “মিনি ঠিকাদার” হিসাবে পূর্বযোগ্যতা নবায়নের উদ্দেশ্যে বাপবিবো এর প্রশিক্ষণ প্রাপ্ত ও লাইন নির্মাণ কাজে অভিজ্ঞ সুপারভাইজার এবং লাইনম্যান দ্বারা পরিচালিত এ.বি.সি লাইসেন্সধারী ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অত্র সমিতির নির্ধারিত ফরমে (পবিস নির্দেশিকা- ১০০-৫২) অনুযায়ী বাপবিবো ফর্ম নং-১০০-৫২-০২ (ভার্সন-১) দরখাস্ত আহবান করা যাইতেছে।

- ০১। নির্ধারিত নবায়ন ফরম সংগ্রহের নিমিত্তে সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত টাকা মাত্র) টাকা নগদ প্রদান করে নবায়ন ফরম আগামী ০৪/০৭/২০২৩ ইং তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময় পর্যন্ত সংগ্রহ করিতে হইবে।
- ০২। তবে উল্লেখ যে, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান ২০২২-২৩ অর্থ বছরে নবায়নের জন্য আবেদন না করে থাকলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪,০০০.০০ (চার হাজার টাকা মাত্র) টাকা এবং ২০২১-২২ ও ২০২০-২১ অর্থ বছরে নবায়নের জন্য আবেদন না করে থাকলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৮,০০০.০০ (আট হাজার টাকা মাত্র) টাকা (অফেরৎযোগ্য) নগদ জমা প্রদান করিতে হইবে।
- ০৩। জেনারেল ম্যানেজার সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হইতে নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার টাকা মাত্র) টাকা (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হইবে।
- ০৪। কোন ঠিকাদারী প্রতিষ্ঠান কোন বছর নবায়নের জন্য আবেদন না করিলে পূর্ববর্তী বৎসর/বৎসর সমূহের প্রযোজ্য নবায়ন ফি এর দ্বিগুণ হারে ফি প্রদান পূর্বক নবায়নের জন্য আবেদন করিতে পারিবে; তবে পর পর তিন বছর নবায়নের জন্য আবেদন না করিলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা/তালিকাভুক্তি বাতিল বলিয়া গন্য হবে।
- ০৫। বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের অভিজ্ঞতার প্রমাণপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট, হালনাগাদ আয়কর ও ভ্যাট সার্টিফিকেট এর সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হইবে।
- ০৬। বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের পূর্বযোগ্যতা নবায়নের জন্য বাপবিবোর্ডের প্রশিক্ষনে উত্তীর্ণ কমপক্ষে একজন সুপারভাইজার এবং একজন লাইনম্যান কে নবায়নের সময় উপস্থিত থাকিতে হইবে। উল্লেখ্য একই সুপারভাইজার ও একই লাইনম্যান অন্য পবিসে ব্যবহার করা যাবে না।
- ০৭। বৈদ্যুতিক লাইন নির্মাণ হালনাগাদ ঠিকাদারী এ.বি.সি লাইসেন্স, সুপারভাইজারী এ.বি.সি লাইসেন্স, বাপবিবোর্ডের প্রশিক্ষণে উত্তীর্ণ লাইনক্রুদের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং নাম সম্বলিত সত্যায়িত ছবি সহ লাইনক্রুদের তালিকা ও টুলসের তালিকা আবেদনপত্রের সাথে জমা দিতে হইবে। মূল্যায়ন কমিটির কাছে মূল কাগজপত্র উপস্থাপন করিতে হইবে।
- ০৮। আবেদনপত্র আগামী ১৩/০৭/২০২৩ ইং তারিখ রোজ বৃহস্পতিবার ১২:০০ ঘটিকার মধ্যে সদর দপ্তরে জমা প্রদান করিতে হইবে।
- ০৯। নির্ধারিত সময় সীমার পর আবেদন পত্র বিক্রয়/গ্রহন করা হইবে না।
- ১০। বাপবিবো কর্তৃক মিনি ঠিকাদার হিসাবে অত্র পবিসে সাময়িক/স্থায়ী তালিকাভুক্তির পত্র সংযুক্ত করিতে হইবে।
- ১১। কোন ঠিকাদারী প্রতিষ্ঠান (০৪) চারটির অধিক সমিতিতে তালিকাভুক্ত নাই এই বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ঘোষণাপত্র প্রদান করিতে হইবে। পরবর্তীতে (০৪) চারটির অধিক সমিতিতে সাময়িক/স্থায়ী তালিকাভুক্ত এর প্রমাণ পাওয়া গেলে নবায়ন বাতিল করা হবে।
- ১২। অসম্পূর্ণ/ঘষামাজা/ওভার রাইটিং আবেদন পত্র বাতিল বলিয়া গন্য করা হইবে।
- ১৩। কোনরূপ কারণ দর্শানো ব্যতীত যে কোন/সকল আবেদন পত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


- ১৪। পবিস নির্দেশিকা ১০০-৫২ মোতাবেক অত্র সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নবায়ন নীতিমালা অনুযায়ী প্রত্যেক প্রতিষ্ঠানের নবায়ন ফরম সহ সংশ্লিষ্ট নথিপত্র মূল্যায়ন করা হইবে।
- ১৫। অত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন পরিস্থিতির সৃষ্টি হইলে পবিস ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য হইবে।



(জিয়াউর রহমান)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ প্রেরিত হইল)।

০১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর।
০২. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, .....পবিস- ১/২/৩/৪।
০৩. নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, সাতক্ষীরা।
০৪. ডিজিএম, (কারিগরী/কালিগঞ্জ /ঝাউডাঙ্গা/আশাশুনি/কলারোয়া/শ্যামনগর) জোনাল অফিস, সাতক্ষীরা পবিস।
০৫. এজিএম (ওএন্ডএম) (তালা/দেবহাটা/নুরনগর/কৃষ্ণনগর/যুগিখালী/বুধহাটা), সাতক্ষীরা পবিস।
০৬. এজিএম (প্রশাসন/ওএন্ডএম/এমএস/অর্থ-হিসাব/আইটি), সাতক্ষীরা পবিস।
০৭. মেসার্স.....
০৮. নোটিশ বোর্ড।
০৯. অফিস কপি/মাষ্টার কপি।



(জিয়াউর রহমান)  
জেনারেল ম্যানেজার